

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
এফ এম বিভাগ-২

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪২৪.৩৭.১০৪.২৩ নথির বিষয়: Repair-maintenance of electric sub stations of different pump station under MODS Zone-9, DWASA.

নোট: ১ নোটের বিষয়: Repair-maintenance of electric sub stations of different pump station under MODS Zone-9, DWASA.

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ৮/৮/২৩ ৮:৪৫ অপরাহ্ন

মডস সার্কেল-২ এর আওতাধীন ৬৫৬টির অধিক গভীর নলকূপের বৈদ্যুতিক ও যান্ত্রিক রক্ষণাবেক্ষন কাজ এফএম বিভাগ-২ এর মাধ্যমে করা হয়ে থাকে। মডস জোন-৯ এর অধীনে ৭৫টি পাম্প স্টেশনে ৪৪টি ডুয়াল কুপসহ মোট ১১৯টি গভীর নলকূপ চালু আছে। যার মধ্যে ১১২টি কুপ ভিএফডি/ইনভার্টার দ্বারা বাকী ০৮টি গভীর নলকূপ এলটি প্যানেল স্টার্টার দ্বারা সচল আছে। উল্লেখ্য মডস জোন-৯ এর আওতাধীন ৭৫টি পাম্প স্টেশনের মধ্যে ২৪টি পাম্প স্টেশনে বৈদ্যুতিক ডুয়াল সোর্স রয়েছে। মডস জোন-৯ হতে বিভিন্ন সময় টেলিফোনে ও পত্র মাধ্যমে প্রাপ্ত অভিযোগের প্রেক্ষিতে (মডস জোন-৯ হতে প্রাপ্ত চিঠির ফটোকপি) উল্লেখিত পাম্পসমূহ পরিদর্শন করে বৈদ্যুতিক সাব স্টেশনের ড্রপ-আউট ফিউজ, লাইটনিং এরেষ্টর, এইচটি ক্যাবল কোন জ্বলা পাওয়া গিয়াছে। চলমান বর্ষা মৌসুমে বেশ কিছু পাম্প স্টেশনের ট্রান্সফরমারের অভ্যন্তরে আগাছা ও গাছ জন্মেছে। ট্রান্সফরমারের অভ্যন্তরে আগাছা থাকলে এইচটি ফল্ট ঘটে ড্রপ আউট ফিউজ, লাইটনিং এরেষ্টর ও এইচটি ক্যাবল কোন জ্বলে যাওয়ার আশংকা থাকে। সে কারণে ডেসকোর মাধ্যমে ইলেকট্রিক লাইন শাট-ডাউন নিয়ে আগাছা/গাছ ক্লিনিং করার প্রয়োজন রয়েছে। যে সকল সাব-স্টেশনের ট্রান্সফরমারের বেষ্টনী ভাঙ্গা তা মেরামত করতে হবে। উল্লেখ্য যে ট্রান্সফরমারের বেষ্টনী ভাঙ্গা থাকলে বিভ্রালসহ অন্যান্য প্রানী ট্রান্সফরমারের সংস্পর্শে এসে এইচটি ফল্ট ঘটে। আলোচ্য পাম্প-স্টেশনগুলোর মধ্যে বেশকিছু সাব-স্টেশন অনেক পুরাতন ও বেশ কয়েকটি পাম্পের এইচটি পোলের ড্রপ আউট ফিউজ ডাইরেস্ট/ন্যাকেড করা। যার ফলে ঝড়/বজ্রপাতের সময় সার্জ ভোল্টেজের কারণে ট্রান্সফরমার, এইচটি-এলটি ক্যাবল জ্বলে যেতে পারে। সাব-স্টেশনের ড্রপ আউট ফিউজ ও লাইটনিং এরেষ্টর যথাযথ আর্থিং-ওয়ারিংসহ স্থাপন করার জন্য ডেসকো হতে সুপারিশ করা হয়। এলটি সাইডের সেফটি ডিভাইস হিসাবে এলটি কাঠের বোর্ড, কাট আউট/ফিউজ ডিসকানেক্টর/সার্কিট ব্রেকার প্রভৃতি স্থাপন/প্রতিস্থাপনের প্রয়োজন রয়েছে। কিছু পাম্প স্টেশনের এলটি কাঠের বোর্ড জ্বলা, কাট আউট, সার্কিট ব্রেকার ডাইরেস্ট করা আছে যেগুলো জরুরী ভিত্তিতে পরিবর্তন করা প্রয়োজন (আলোচ্য কাজের সার্ভে রিপোর্ট)। সে কারণে উপরোক্ত বর্ণনা ও পরিদর্শন রিপোর্টের আলোকে মডস জোন-৯ এর আওতাধীন বিভিন্ন পানির পাম্পের ইলেকট্রিক সাব-স্টেশন মেরামত ও রক্ষণাবেক্ষন কাজ করার জন্য পূর্বানুমোদিত দর ও রেট সিডিউলের ভিত্তিতে একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে, যাতে টাকার পরিমাণ দাঁড়িয়েছে মোট= ৪,৯৮,৭৫৭.১৫৪/- (চার লক্ষ আটানব্বই হাজার সাতশত সাতান্ন দশমিক এক পাচ চার) টাকা মাত্র। আলোচ্য কাজটি অত্র বিভাগের ২০২৩-২৪ইং অর্থ বৎসরের অনুমোদিত বাৎসরিক কর্মপরিকল্পনার ক্রমিক নং-১২, প্যাকেজ নং- পি.ডব্লিউ-০৬ তে (এলটিএম,ই-জিপি তে) অন্তর্ভুক্ত করা আছে। যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

সংযুক্তিসমূহ (৫):

- ১। ০১। অত্র বিভাগের ২০২৩-২৪ইং অর্থ বৎসরের অনুমোদিত বাৎসরিক কর্মপরিকল্পনার ফটোকপি।
- ২। ০২। মডস জোন-৯ হতে প্রাপ্ত চিঠির ফটোকপি।
- ৩। ০৩। আলোচ্য কাজের সার্ভে রিপোর্ট।
- ৪। ০৪। পূর্বানুমোদিত দর ও রেট সিডিউলের ফটোকপি।
- ৫। ০৫। আলোচ্য কাজের প্রাক্কলন ও প্রতিবেদন।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ৮/৮/২৩ ৮:৪৬ অপরাহ্ন

আলোচ্য কাজটি বিশেষ ধরনের বিধায় পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং বিধিমালা ২০০৮ এর চতুর্থ অধ্যায় অংশ-২ এর ৬৩ বিধি অনুযায়ী সীমিত দরপত্র পদ্ধতিতে (এলটিএম-ই-জিপি) দরপত্র আহবান করে কাজটি সম্পন্ন করা যেতে পারে।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ৮/৮/২৩ ৮:৪৭ অপরাহ্ন

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে Repair-maintenance of electric sub stations of different pump station under MODS Zone-9, DWASA কাজে উপস্থাপিত মোট= ৪,৯৮,৭৫৭.১৫৪/- (চার লক্ষ আটানব্বই হাজার সাতশত সাতান্ন দশমিক এক পাচ চার) টাকার প্রাক্কলনটির আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ সীমিত দরপত্র পদ্ধতি (এলটিএম ই-জিপি) এ দরপত্র আহবান করার অনুমোদন দেয়া যেতে পারে।

৮/৮/২৩ ৮:৪৮ অপরাহ্ন
মোঃ আনিসুল ইসলাম
উপ-সহকারী প্রকৌশলী
এফ এম বিভাগ-২

৮/৮/২৩ ৯:০৬ অপরাহ্ন
রিয়াদ আহমেদ
সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
এফ এম বিভাগ-২

৮/৮/২৩ ৯:০৮ অপরাহ্ন
সুজন চন্দ্র বর্মণ
নির্বাহী প্রকৌশলী
এফ এম বিভাগ-২

৯/৮/২৩ ১২:২৬ অপরাহ্ন
মোঃ আরিফ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
আর পি ই এন্ড এম সার্কেল

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

৯/৮/২৩ ১২:২৬ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ১৭/৮/২৩ ৫:৪৪ অপরাহ্ন
অনুমোদিত



১৭/৮/২৩ ৫:৪৪ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)



১৭/৮/২৩ ৭:৪৪ অপরাহ্ন
সুজন চন্দ্র বর্মণ
নির্বাহী প্রকৌশলী
এফ এম বিভাগ-২



১৮/৮/২৩ ৬:১৮ অপরাহ্ন
রিয়াদ আহমেদ
সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
এফ এম বিভাগ-২



১৯/৮/২৩ ২:৪৯ অপরাহ্ন
মোঃ আনিসুল ইসলাম
উপ-সহকারী প্রকৌশলী
এফ এম বিভাগ-২

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা